Bankura University

BA 5th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

Course ID: 50118 Course Code: APBNG-501-DSE-1

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

(যে-কোনো একটি নির্বাচন করতে হবে।)

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মোট খণ্ড ও পরিচ্ছেদ সংখ্যা উল্লেখ করো।

খ) "অবতারের আর এক আছে মুখ্য বীজ।" – অবতারের 'মুখ্য বীজ' কী ?

গ) "কি মোহিনী জান বঁধূ কি মোহিনী জান" – কার রচিত কোন পর্যায়ের পদ ?

ঘ) বৈষ্ণবপদাবলিতে পূর্বরাগ বলতে কি বোঝো ?

ঙ) বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্য রচনার কালজ্ঞাপক পয়ারটি উল্লেখ করো।

চ) বিজয় গুপ্তের জন্মস্থান কোথায় ? তাঁর কাব্যের নাম কী ?

ছ) মুকুন্দ চক্রবর্তী কোন রাজার পৃষ্ঠপোষকতায় 'চণ্ডীমঙ্গল' কাব্য রচনা করেন ? তাঁর কাব্যের প্রকৃত নাম কী ?

জ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে খুল্লনার সতীত্ব পরীক্ষার প্রয়োজন হয়েছিল কেন ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

ক) "রাধাকৃষ্ণ এক আত্মা দুই দেহ ধরি।
অন্যোন্যে বিলাসে রস আস্বাদন করি।।" –উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

খ) তোমার পাঠ্য বিদ্যাপতির প্রার্থনা-বিষয়ক পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

গ) “এ ঘোর রজনী মেঘের ঘটা” – পদটি অবলম্বনে অভিসার-বিষয়ক পদে চণ্ডীদাসের বিশেষত্ব নির্ণয় করো।

ঘ) মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অনুসরণে কমলেকামিনী দৃশ্যটির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০ x ২ = ২০

ক) ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদিলীলা অবলম্বনে গোপীপ্রেমের স্বরূপ ব্যাখ্যা করো।

খ) তোমার পাঠ্য বিদ্যাপতির মাথুর-বিষয়ক পদ অবলম্বনে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও।

গ) বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্যের চাঁদ সদাগর চরিত্র আলোচনা করো।

ঘ) মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের বণিক খণ্ডে নারী চরিত্র সৃষ্টিতে কবির পারদর্শিতার পরিচয় দাও।

Bankura University

BA 5th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: কথাসাহিত্য: উপন্যাস

Course ID: 50118 Course Code: APBNG-501-DSE-1

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) দেবেন্দ্রের পত্নীর নাম কী ? দেবেন্দ্র কার ছদ্মবেশ ধারণ করেছিল ?

খ) "সে এখন আমার কনিষ্ঠা ভগিনী।" – কে কাকে ভগিনী বলেছে ?

গ) 'ঘরেবাইরে' উপন্যাসটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয় ? উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?

ঘ) 'ঘরেবাইরে' উপন্যাসটি শুরু ও শেষ হয়েছে কার আত্মকথায় ?

ঙ) 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) এর পরিচ্ছেদ সংখ্যা ক'টি ? উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ?

চ) নতুন দা কোথাকার বাসিন্দা ? ইন্দ্রনাথের সঙ্গে তার কী সম্পর্ক ?

ছ) হোসেন মিঞার গানটির প্রথম দুটি পঙক্তি লেখো।

জ) কপিলার স্বামীর নাম কী ? তার শ্বশুরবাড়ি কোথায় ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে হীরা চরিত্রের ঔপন্যাসিক প্রয়োজনীয়তা আলোচনা করো।

খ) 'ঘরেবাইরে' উপন্যাসে অমূল্য চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

গ) ইন্দ্রনাথ ও শ্রীকান্তের নৈশ অভিযানের অভিজ্ঞতা ব্যক্ত করো।

ঘ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে গণেশ আনুগত্যে ও সততায় বিশেষত্বের দাবি রাখে – ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০ x ২ = ২০

ক) 'বিষবৃক্ষ' উপন্যাসে পত্র ব্যবহারের গুরুত্ব ব্যাখ্যা করো।

খ) ‘ঘরেবাইরে’ উপন্যাসে নিখিলেশ চরিত্রটি বিশ্লেষণ করো।

গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

ঘ) শ্রীকান্তের জীবনে ইন্দ্রনাথের গুরুত্ব বিশ্লেষণ করো।

Bankura University

BA 5th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: নাট্যসাহিত্য

Course ID: 50118 Course Code: APBNG-501-DSE-1

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) ‘শর্মিষ্ঠা’ নাটকটি নাট্যকার কাদের উৎসর্গ করেছিলেন ? এই নাটকটির উৎস নির্দেশ করো।

খ) ‘শর্মিষ্ঠা’ নাটকে দেবযানী ও শর্মিষ্ঠার সখীদের নাম লেখো।

গ) “ আমি তোমাকে অভিশাপ দিচ্ছি।”—কে কাকে কী অভিশাপ দিয়েছিল ?

ঘ) ‘সাজাহান’ নাটকে দারার স্ত্রী, পুত্রদ্বয় ও কন্যার নাম লেখো।

ঙ) “ ---তাই এই উৎসব।” ‘মুক্তধারা’ নাটকের সূচনাতে কোন উৎসবের কথা বলা হয়েছে ? কী কারণে এই উৎসব ?

চ) ‘মুক্তধারা’ নাটকে উত্তরকূটের রাজা ও যুবরাজের নাম কী ?

ছ) ‘টিনের তলোয়ার’ নাটকে নটবর কে ? সে কিসের পোস্টার লাগাচ্ছে ?

জ) ‘টিনের তলোয়ার’ নাটকে বেঙ্গল অপেরার সত্তাধিকারীর নাম কী ? তার পোশাকের বর্ণনা দাও।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

ক) ‘শর্মিষ্ঠা’ নাটকের পৌরাণিক প্রসঙ্গের পরিচয় দাও।

খ) ‘মুক্তধারা’ নাটকে অভিজিত চরিত্রের গুরুত্ব ব্যাখ্যা করো।

গ) “রাজপুত দর্প ! এই দর্পই মহারাজের পরাজয়।” –‘সাজাহান’ নাটকের এই উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

ঘ) “আমি বাংলার গ্যারিক।”—কথাটা কে বলেছে ? উক্তিটির সূত্রে তার চরিত্র বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০ x ২ = ২০

ক) ‘শর্মিষ্ঠা’ নাটকের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।

খ) ‘মুক্তধারা’ নাটকে রবীন্দ্রনাথ যান্ত্রিকতার বিরুদ্ধে প্রতিবাদ ঘোষণা করেছেন—আলোচনা করো।

গ) ‘সাজাহান’ নাটকে জাহানারা চরিত্রের নাট্যোপযোগিতা ব্যাখ্যা করো।

ঘ) ‘টিনের তলোয়ার’ নাটকের সংলাপের ভাষা ও কথনবৈচিত্র্য আলোচনা করো।

Bankura University

BA 5th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: রবীন্দ্রসাহিত্য

Course ID: 50118 | Course Code: APBNG-501-DSE-1

সময়ঃ ২ ঘন্টা | পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।  ২ x ৫ = ১০

ক) ‘সোনার তরী’ কাব্যের প্রকাশকাল উল্লেখ করে প্রথম কবিতাটির নাম লেখো।

খ) ‘মানসসুন্দরী’ কবিতায় কবি কাকে মানসসুন্দরী বলেছেন ?

গ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের প্রকাশকাল উল্লেখ করে একটি পুরুষ চরিত্রের নাম উল্লেখ করো।

ঘ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের প্রধান নারী চরিত্রের নাম কী ? তার আত্মকথার সংখ্যা কয়টি ?

ঙ) ‘চার অধ্যায়’ উপন্যাসের চারটি অধ্যায়ের নাম কী কী ?

চ) ‘সোনার তরী’ কবিতায় ‘নদী’ ও ‘নৌকা’ কিসের প্রতীক ?

ছ) লীলানন্দ স্বামীর পরিচয় দাও।

জ) ‘আত্মপরিচয়’ গ্রন্থের প্রথম ও শেষ প্রবন্ধের নাম লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।  ৫ x ২ = ১০

ক) ‘বসুন্ধরা’ কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

খ) ‘দামিনীর সাধনা জীবনের সাধনা’- এই মত তুমি সমর্থন করো কিনা, উপন্যাস অবলম্বনে সংক্ষেপে বোঝাও।

গ) ‘চার অধ্যায়’ উপন্যাসে ইন্দ্রনাথের বিপ্লবী দল পরিচালনা সম্পর্কে সংক্ষেপে লেখো।

ঘ) “আমাদের পরিচয়ের একটা ভাগ আছে, যাহা একেবারে পাকা।” – গ্রন্থের নাম উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।  ১০ x ২ = ২০

ক) রবীন্দ্রনাথের ‘বৈষ্ণব কবিতা’ অবলম্বনে তাঁর দার্শনিক মতবাদটি বিশ্লেষণ করো।

খ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের নামকরণ তাৎপর্য নিজের ভাষায় ব্যাখ্যা করো।

গ) ‘চার অধ্যায়’ উপন্যাসের এলা চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

ঘ) আত্মজীবনীমূলক গ্রন্থ হিসাবে ‘আত্মপরিচয়’ কতখানি সার্থক বুঝিয়ে দাও।